# বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ে ৪ সিদ্ধান্ত নিচ্ছে সরকার

নিজস্ব প্রতিবেদক ●

দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে এমফিল, ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) চালু করাসহ চারটি বিষয়ে সিদ্ধান্ত নিতে যাচ্ছে সরকার। এ জন্য শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে প্রতিনিধি মনোনয়ন করা হয়েছে। গতকাল রবিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব মো. শাহীনুর ইসলামের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এমফিল, পিএইচডি, ইউনিফর্ম গ্রেডিং সিস্টেম, ডুয়েল সেমিস্টার, ট্রাইসেমিস্টার চালুকরণ, ওয়ার্ল্ড র‍্যাংকিং, ক্রেডিট আওয়ারস ইত্যাদি সার্বিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়-১) নুরুন আখতারকে মনোনয়ন করা হয়েছে।

চলতি বছরের শুরুতে পিএইচডি চালুর বিষয়ে উদ্যোগ নেয় উচ্চশিক্ষার নিয়ন্ত্রক সংস্থা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণের পর ইউজিসি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করতে ৬ সদস্যের একটি কমিটি গঠন করে দেয়।

গত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর এ উদ্যোগ নিয়ে কোনো কার্যক্রম দেখা যায়নি। ইউজিসি সূত্রে জানা গেছে, সম্প্রতি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ডিগ্রি চালু করতে নতুন আরেকটি আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে।

নতুন করে গঠিত কমিটিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে দুইজন এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ের দুইজন প্রতিনিধি রয়েছেন। এ ছাড়া ইউজিসি এবং শিক্ষা মন্ত্রণালয় থেকে তিনজন প্রতিনিধি রয়েছেন।